

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর,
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.০১.০৩৩.২৫- ২৮২০

তারিখঃ ০১/০৩/২০২৬ খ্রি:


বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অডিট কার্যক্রম নিষ্পত্তির লক্ষ্যে বিল ভাউচার প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের স্মারক নং- ৮২.২২.০০০০.০০৪.২২.০০৩.২৩-১০৭৫-১ তারিখঃ ১৭.০২.২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থ বছরের অডিট কার্যক্রম শীঘ্রই প্রকল্প পরিচালকের কার্যালয়ে শুরু হবে। অডিট সম্পাদনের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরের সকল বাজেট বরাদ্দের কপি (সংশোধিতসহ), সমস্ত বিল ভাউচারের সত্যায়িত ফটোকপি, ক্যাশবহির সত্যায়িত ফটোকপি, ব্যাংক স্টেটমেন্ট ও সকল অর্থনৈতিক খাতের ব্যয় প্রতিবেদন (বাজেট সমর্পণ রিপোর্ট) আগামী ১৬/০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পের প্রধান কার্যালয়ে ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, মহাপরিচালকের কার্যালয়, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর অত্র কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল বিল ভাউচার অডিট/নিরীক্ষা করবেন। কোন কর্মকর্তা উক্ত সময়ের মধ্যে ব্যয়ের বিল ভাউচার প্রেরণে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন।

(বিষয়টি অতীব জরুরী)

উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)


০১.০৩.২০২৬
মোঃ লিয়াকত আলী
উপপ্রকল্প পরিচালক
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। ফিল্ড সুপারভাইজর, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প (সকল)।
- ৫। অফিস কপি।